<p>৪. 'মুসলিম ধর্মীয় আইন' আইনের কোন উৎসের অন্তর্গত?</p> <p>ক. প্রথা</p> <p>খ. ধর্ম</p> <p>গ. ন্যায়বোধ</p> <p>ঘ. আইনসভা</p>	<p>১০. ভূমিকম্প চলাকালীন আমাদের করণীয় কী?</p> <p>ক. নিজেকে স্থির ও শান্ত রেখে নিরাপদ আশ্রয় খোঁজা</p> <p>খ. ঘরের মধ্যে দৌড়াদৌড়ি করে</p> <p>গ. সিঁড়ি বেয়ে নিচে নামা</p> <p>ঘ. দৌড়ে বড় দালানের পাশে আশ্রয় নেয়া</p>
<p>৫. কত বছর বয়সের শিশুকে কারখানায় নিয়োগ দেওয়া যাবে না?</p> <p>ক. ১১</p> <p>খ. ১৩</p> <p>গ. ১৫</p> <p>ঘ. ১৭</p>	<p>১১. আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত?</p> <p>ক. নেদারল্যান্ড</p> <p>খ. মার্কিন যুক্তরাষ্ট্র</p> <p>গ. নিউইয়র্ক</p> <p>ঘ. হেগ</p>
<p>৬. নিরক্ষরেখা কত ডিগ্রী অক্ষাংশে অবস্থিত?</p> <p>ক. ২৩°</p> <p>খ. ৯০°</p> <p>গ. ০°</p> <p>ঘ. ৬৬°</p>	<p>১২. জেলা প্রশাসকের কাজ কোনটি?</p> <p>ক. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান</p> <p>খ. ভূমি রাজস্ব আদায়</p> <p>গ. শান্তি শৃংখলা রক্ষা</p> <p>ঘ. উপরের সবগুলো সঠিক</p>

<p>১৩. বাণিজ্যিক ব্যাংকের কাজ কোনটি?</p> <p>ক. ঋণ নিয়ন্ত্রণ করা</p> <p>খ. অন্যান্য ব্যাংককে নিয়ন্ত্রণ</p> <p>গ. মুদ্রার বিনিময় হার নির্ধারণ</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p> <p>১৪. বাংলাদেশের জলবিদ্যুৎ উৎপাদনের সুযোগ কম, কারণ-</p> <p>ক. কারিগরি জ্ঞান</p> <p>খ. প্রয়োজনীয় পাহাড়ি নদী</p> <p>গ. খরশ্রোতা নদী</p> <p>ঘ. উৎপাদন ব্যয়</p> <p>১৫. গ্রামীণ ব্যাংক ঋণ দেয়-</p> <p>i. বন্ধক ছাড়া</p> <p>ii. বন্ধকসহ</p> <p>iii. ভূমিহীন কৃষকদের</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	<p>১৬. জনবসতি বিস্তারের ফল কোনটি?</p> <p>ক. জমির অখন্ড রক্ষা পায়</p> <p>খ. খাদ্য ঘাটতি হ্রাসকরণ</p> <p>গ. জলাভূমি ভরাটকরণ</p> <p>ঘ. বস্তি সমস্যা বৃদ্ধিকরণ</p> <p>১৭. কোনটি কর রাজস্ব?</p> <p>ক. রেজিস্ট্রেশন</p> <p>খ. সুদ</p> <p>গ. ইজারা</p> <p>ঘ. যাকাত</p>
--	--

## ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয় কোড: ১৫০

ক্রটিযুক্ত রূপ	ক্রটিযুক্ত রূপ
উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।	
১. সরকার বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করে? ক. ৯ খ. ১০ গ. ১১ ঘ. ১২	১. মুক্তিযুদ্ধের সময় তৎকালীন সরকার বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করে? ক. ৯ খ. ১০ গ. ১১ ঘ. ১২
উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।	
২. ১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদের নির্বাচনে ২৩৭টি মুসলিম আসনের মধ্যে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করে? ক. ১৬৭ খ. ১৬৯ গ. ২২৩ ঘ. ২৯৮	২. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করে? ক. ১৬৭ খ. ১৬৯ গ. ২২৩ ঘ. ২৯৮
উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।	
৩. বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা গারোদের পরিবারের প্রকৃতি কিরূপ? ক. মাতৃপ্রধান খ. বহুপতি গ. অন্তর্গোত্র বিবাহভিত্তিক ঘ. অনুলোম বিবাহভিত্তিক	৩. গারোদের পরিবারের প্রকৃতি কিরূপ? ক. মাতৃপ্রধান খ. বহুপতি গ. অন্তর্গোত্র বিবাহভিত্তিক ঘ. অনুলোম বিবাহভিত্তিক
উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুলোতে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।	
৪. ২০১২-২০১৩ অর্থবছরে বাংলাদেশের মাথাপিছু জাতীয় আয় কত ছিল? ক. ৬৪০ মার্কিন ডলার খ. ৯২৩ মার্কিন ডলার গ. ১১৮০ মার্কিন ডলার ঘ. ১৩৪০ মার্কিন ডলার	৪. ২০১২-২০১৩ অর্থবছরে বাংলাদেশের মাথাপিছু জাতীয় আয় কত মার্কিন ডলার ছিল? ক. ৬৪০ খ. ৯২৩ গ. ১১৮০ ঘ. ১৩৪০
উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে।	
৫. নিচের কোন নদীটির উৎপত্তি স্থল বাংলাদেশ নয়? ক. মাতামুহুরী খ. কর্ণফুলী গ. ব্রহ্মপুত্র ঘ. তিস্তা	৫. নিচের কোন নদীটির উৎপত্তি স্থল বাংলাদেশ? ক. মাতামুহুরী খ. কর্ণফুলী গ. ব্রহ্মপুত্র ঘ. তিস্তা
না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।	
৬. কত বছর বয়সের শিশুকে কারখানায় নিয়োগ দেওয়া যাবে না? ক. ১১ খ. ১৩ গ. ১৫ ঘ. ১৭	৬. কত বছর বয়সের শিশুকে কারখানায় নিয়োগ দেওয়া যাবে না? ক. ১১ খ. ১৩ গ. ১৫ ঘ. ১৭

উদ্দীপকে এমন কোন ইঙ্গিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৭. ‘মুসলিম ধর্মীয় আইন’ আইনের কোন উৎসের অন্তর্গত? ক. প্রথা খ. ধর্ম গ. ন্যায়বোধ ঘ. আইনসভা	৭. ‘উত্তরাধিকার আইন’ আইনের কোন উৎসের অন্তর্গত? ক. প্রথা খ. ধর্ম গ. ন্যায়বোধ ঘ. আইনসভা
নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
৮. রেহানা স্কুল থেকে ফেরার পথে এক যুবক প্রায়ই রাস্তার মোড়ে দাঁড়িয়ে শিস দেয়। একদিন তাকে রিক্সা থামিয়ে প্রেমপত্র দেয়। এতে রেহানা লজ্জায় অনেকগুলো ঘুমের ঔষুধ খেয়ে ফেলল। রেহানা কোন সামাজিক সমস্যার শিকার? ক. যৌন হয়রানি খ. সন্ত্রাস গ. কিশোর অপরাধ ঘ. রাহাজানি	৮. রেহানা স্কুল থেকে ফেরার পথে এক যুবক প্রায়ই রাস্তার মোড়ে দাঁড়িয়ে শিস দেয়। একদিন তাকে রিক্সা থামিয়ে প্রেমপত্র দেয়। রেহানা তার বাবা-মাকে বিষয়টি জানালে তারা থানায় জিডি করেন। রেহানা কোন সামাজিক সমস্যার শিকার? ক. যৌন হয়রানি খ. সন্ত্রাস গ. কিশোর অপরাধ ঘ. রাহাজানি
বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে।	
৯. জনবসতি বিস্তারের ফল কোনটি? ক. জমির অখন্ড রক্ষা পায় খ. খাদ্য ঘাটতি হ্রাসকরণ গ. জলাভূমি ভরাটকরণ ঘ. বস্তি সমস্যা বৃদ্ধিকরণ	৯. জনবসতি বিস্তারের ফল কোনটি? ক. জমির অখন্ডতা রক্ষা পায় খ. খাদ্য ঘাটতি হ্রাস পায় গ. জলাভূমি ভরাটকরণ ঘ. বস্তি সমস্যা বৃদ্ধি
বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।	
১০. বাংলাদেশের জলবিদ্যুৎ উৎপাদনের সুযোগ কম, কারণ- ক. কারিগরি জ্ঞান খ. প্রয়োজনীয় পাহাড়ি নদী গ. খরশ্রোতা নদী ঘ. উৎপাদন ব্যয়	১০. বাংলাদেশের জলবিদ্যুৎ উৎপাদনের সুযোগ কম, কারণ- ক. কারিগরি জ্ঞানের অভাব খ. প্রয়োজনীয় পাহাড়ি নদীর স্বল্পতা গ. খরশ্রোতা নদীর অভাব ঘ. এতে উৎপাদন ব্যয় বেশি হয়
পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১১. কোনটি কর রাজস্ব? ক. রেজিস্ট্রেশন খ. সুদ গ. ইজারা ঘ. যাকাত	১১. কোনটি কর রাজস্ব? ক. রেজিস্ট্রেশন খ. সুদ গ. ইজারা ঘ. জরিমানা
বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
১২. নিরক্ষরেখা কত ডিগ্রী অক্ষাংশে অবস্থিত? ক. ২৩° খ. ৯০° গ. ০° ঘ. ৬৬°	১২. নিরক্ষরেখা কত ডিগ্রী অক্ষাংশে অবস্থিত? ক. ০° খ. ২৩° গ. ৬৬° ঘ. ৯০°

বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।	
১৩. ভূমিকম্প চলাকালীন আমাদের করণীয় কী? ক. নিজেকে স্থির ও শান্ত রেখে নিরাপদ আশ্রয় খোঁজা খ. ঘরের মধ্যে দৌড়াদৌড়ি করে গ. সিঁড়ি বেয়ে নিচে নামা ঘ. দৌড়ে বড় দালানের পাশে আশ্রয় নেয়া	১৩. ভূমিকম্প চলাকালীন আমাদের করণীয় কী? ক. নিজেকে স্থির ও শান্ত রাখা খ. ঘরের মধ্যে দৌড়াদৌড়ি করা গ. সিঁড়ি বেয়ে নিচে নামা ঘ. দালানের পাশে আশ্রয় নেয়া
বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।	
১৪. আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত? ক. নেদারল্যান্ড খ. মার্কিন যুক্তরাষ্ট্র গ. নিউইয়র্ক ঘ. হেগ	১৪. আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত? ক. বেইজিং খ. কোপেন হেগেন গ. নিউইয়র্ক ঘ. হেগ
বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।	
১৫. গ্রামীণ ব্যাংক ঋণ দেয়- i. বন্ধক ছাড়া ii. বন্ধকসহ iii. ভূমিহীন কৃষকদের নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	১৫. গ্রামীণ ব্যাংক ঋণ দেয়- i. বন্ধক ছাড়া ii. ধনী কৃষকদের iii. ভূমিহীন কৃষকদের নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii
বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।	
১৬. জেলা প্রশাসকের কাজ কোনটি? ক. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান খ. ভূমি রাজস্ব আদায় গ. শান্তি শৃংখলা রক্ষা ঘ. উপরের সবগুলো সঠিক	১৬. জেলা প্রশাসকের কাজ কোনটি? ক. আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান খ. পারিবারিক বিরোধ মিমাংসা গ. সার ও বীজ বিতরণ ঘ. চৌকিদার নিয়োগ
বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।	
১৭. বাণিজ্যিক ব্যাংকের কাজ কোনটি? ক. ঋণ নিয়ন্ত্রণ করা খ. অন্যান্য ব্যাংককে নিয়ন্ত্রণ গ. মুদ্রার বিনিময় হার নির্ধারণ ঘ. উপরের কোনটিই সঠিক নয়	১৭. বাণিজ্যিক ব্যাংকের কাজ কোনটি? ক. ঋণ নিয়ন্ত্রণ করা খ. অন্যান্য ব্যাংককে নিয়ন্ত্রণ গ. মুদ্রার বিনিময় হার নির্ধারণ ঘ. গ্রাহকদের আমানত গ্রহণ



পরিশিষ্ট: 'বা'

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

এসএসসি/দাখিল ২০... খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: ১৫০

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

চিহ্নিত দক্ষতার স্তর	অধ্যায়															মোট	শতকরা হার
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫		
উচ্চতর দক্ষতা																	
প্রয়োগ দক্ষতা																	
অনুধাবন দক্ষতা																	
জ্ঞান দক্ষতা																	
মোট																	



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

পরীক্ষার নাম----- ২০২--- খ্রিস্টাব্দ

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১৫০

সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	ঘ
২	গ
৩	ঘ
৪	ঘ
৫	ক
৬	গ
৭	খ
৮	ঘ
৯	গ
১০	ঘ
১১	ঘ
১২	খ
১৩	ক
১৪	ক
১৫	খ

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	ঘ
১৭	গ
১৮	খ
১৯	ক
২০	ঘ
২১	গ
২২	ক
২৩	খ
২৪	গ
২৫	খ
২৬	গ
২৭	গ
২৮	ক
২৯	খ
৩০	ক

## সৃজনশীল প্রশ্নের উদাহরণ

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: ১৫০

১. তামান্না তার ক্লাসের বন্ধু ও শিক্ষকদের সাথে দেশের দক্ষিণ পূর্বাঞ্চলের একটি নদীতে নৌকা ভ্রমণে বেরিয়েছিল। সে নদীর উভয়পাশে বিশাল বিশাল বাঁশের ঝাড়সহ লতা-গুল্ম জাতীয় উদ্ভিদ দেখতে পায়। নদীর একটি স্থানে বিশাল অবকাঠামো দেখে শিক্ষককে এ সম্পর্কে প্রশ্ন করে। শিক্ষক বললেন, “এটাই আমাদের দেশের একমাত্র নদী যার পানির প্রবাহকে কাজে লাগিয়ে শক্তি সম্পদ উৎপাদন করা হয়। এটি আমাদের জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।”

- ক. প্রাকৃতিক সম্পদ কাকে বলে? ১
- খ. নদী খনন প্রয়োজন হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. তামান্নার দেখা বনভূমিটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
- ঘ. নদীটি চিহ্নিতপূর্বক শিক্ষকের উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২. জনাব আনিস তার সন্তানদের নিয়ে প্রতিবছর নতুন নতুন স্থানে বেড়াতে যান। এ বছর তিনি কুয়াকাটা গিয়ে সৈকতে হাঁটা-হাঁটি, সমুদ্রে গোসল আর লোকজনের সাথে গল্প-গুজব করে দিন পার করেন। সন্ধ্যায় তিনি রাখাইন পল্লীতে গেলে তাদের পোশাক, খাদ্য ও আচার-আচরণ দীর্ঘক্ষণ প্রত্যক্ষ করে সন্তানরা মুগ্ধ হয়। কথা প্রসঙ্গে জনাব আনিস তার সন্তানদের বলেন, “এ ধরনের কাজের মাধ্যমে তোমাদের মানবিক গুণাবলি বিকশিত হবে”।

- ক. অণু পরিবার কাকে বলে? ১
- খ. অন্তর্গেত্রভিত্তিক বিবাহ হিন্দু সমাজে অধিক প্রচলিত কেন? ২
- গ. জনাব আনিসের সন্তানদের সাথে কুয়াকাটায় সম্পাদিত কাজগুলো পরিবারের কোন কাজের অন্তর্ভুক্ত? ৩
- ব্যাখ্যা কর।
- ঘ. জনাব আনিসের বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩. মৌলি টিভি খুলে একটি আলোচনায় শুনতে পেল স্বাধীনতার পূর্বে ভিয়েতনামীদের কৃষির উন্নয়নের জন্য কোন বরাদ্দ রাখা হত না। এমনকি কৃষি নির্ভর কোনো শিল্পের প্রসার ঘটতে দেয়নি ফরাসীরা। ফলে স্বচ্ছলতার মুখ বেশিরভাগ ভিয়েতনামীই দেখেনি। এরপর ভাষ্যকার বলছিলেন ১৯১৯ সালে স্বাধীন ভিয়েতনামের স্বপ্নদ্রষ্টা যুবক হো চি মিন ভার্সাই সম্মেলনে ভিয়েতনামীদের অধিকার রক্ষার জন্য ৮ দফা দাবী তুলে ধরেন। যার উল্লেখযোগ্য বিষয় হলো আত্মনিয়ন্ত্রণের অধিকার, লবণ কর রহিতকরণ, ভিয়েতনামী ও ফরাসীদের সমান সুবিধা ইত্যাদি। তার দাবীগুলো শোষিত ভিয়েতনামীদের স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করে। পরবর্তীতে নিজের অধিকার আদায়ে আন্দোলন সফল করে স্বাধীন ভিয়েতনামের জন্ম হয়।

- ক. যুক্তফ্রন্ট গঠনের উদ্দেশ্য কী ছিল? ১
- খ. ‘আইয়ুব খান ‘মৌলিক গণতন্ত্র’ চালু কও ক্ষমতা কুক্ষিগত করতে চেয়েছিল’-ব্যাখ্যা কর। ২
- গ. ভিয়েতনামীদের প্রতি ফরাসীদের আচরণে পূর্ব পাকিস্তানীদের প্রতি কোন বৈষম্যের সাদৃশ্য খুঁজে পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. ‘হো চি মিনের উত্থাপিত দাবী যেভাবে ভিয়েতনামীদের উজ্জীবিত করেছিল-সেটি যেন আমাদের স্বাধীনতার দিকে ধাবিত করার পটভূমিরই প্রতিচ্ছবি।’- বিবৃতিটি বিশ্লেষণ কর। ৪

৪. X ও Y দেশের তথ্য

দেশ	লোক সংখ্যা	মোট জাতীয় আয়	বার্ষিক মাথাপিছু আয় বৃদ্ধির হার	বার্ষিক জনসংখ্যা বৃদ্ধি হার	বার্ষিক দ্রব্য মূল্য বৃদ্ধির হার
X	২ কোটি	৬৪০০ কোটি ডলার	৬%	২%	৩%
Y	২.৫ কোটি	৭৫০০ কোটি ডলার	৫%	১%	১%

- ক. অর্থনীতিতে ভোগ কাকে বলে? ১
- খ. নারীর ক্ষমতায়নের অভাব কীভাবে উন্নয়নকে বাধাগ্রস্ত করে? ব্যাখ্যা কর। ২
- গ. মাথাপিছু আয়ের ভিত্তিতে X দেশটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
- ঘ. X ও Y দেশ দুটির মধ্যে কোনটির অর্থনৈতিক উন্নয়ন অধিকতর সন্তোষজনক? বিশ্লেষণ কর। ৪

৫. আশা ও তৃপ্তি সাতক্ষীরা সরকারি বালিকা বিদ্যালয়ের ছাত্রী। এবারের শীতের ছুটিতে আশা পরিবারের সাথে দেশের মধ্যাঞ্চলে বেড়াতে যায়। আশা মাটির দিকে তাকিয়ে দেখে মাটির রং লাল ও বালুময় এবং ছোট ছোট পাথরযুক্ত। গাছের দিকে তাকিয়ে দেখে সেগুলো পাতাহীন। আশা অবাক হয় কারণ তাদের এলাকার মাটি অত্যন্ত নরম এবং গাছপালা সারা বছর সবুজ থাকে।

অন্যদিকে তৃপ্তি তার পরিবারের সাথে বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে ঘুরতে যায়। তৃপ্তি উঁচু উঁচু টিলায় উঠে সেখানকার মাটি পাথুরে আর নড়িতে পূর্ণ দেখতে পায়।

- ক. ভূমিকম্পের কেন্দ্র কাকে বলে? ১
- খ. বাংলাদেশে অধিক শীত বা গরম অনুভূত হয় না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. তৃপ্তির ভ্রমণকৃত স্থানটি বাংলাদেশের কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলের শ্রেণিভুক্ত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. আশার নিজ এলাকা এবং তার ভ্রমণকৃত এলাকা দুটির ভূ-প্রাকৃতিক অঞ্চল চিহ্নিত করে কোনটি কৃষিজ দ্রব্য উৎপাদনে অধিক উপযোগী? বিশ্লেষণ কর। ৪

৬. ঘটনা-১: জনাব আসিফ তার পিতার মৃত্যুর পর পৈত্রিক সম্পত্তি তিনি, তার মা ও এক বোনের মধ্যে ভাগাভাগি করে নেন। প্রচলিত আইন অনুযায়ী মাকে নির্দিষ্ট অংশ দেয়ার পর তাঁর বোনের প্রাপ্ত সম্পত্তির দ্বিগুণ তিনি পান।

ঘটনা-২: জনাব রাফি একজন প্রথম শ্রেণির ঠিকাদার। তিনি তার অর্জিত আয়ের একটি অংশ বার্ষিক কর হিসেবে এবং জমির খাজনা যথাসময়ে প্রদান করেন। অন্যদিকে রাষ্ট্রীয় কাজের অংশ হিসেবে জনাব রাফি একটি রাস্তা সংস্কার ও একটি নতুন কালভার্ট এবছর নির্মাণ করেছেন।

- ক. রাষ্ট্র কাকে বলে? ১
- খ. আইনের প্রাধান্য নাগরিক স্বাধীনতার রক্ষাকবজ কেন? ২
- গ. সম্পত্তি ভাগ করার ক্ষেত্রে জনাব আসিফ যে আইনের প্রয়োগ করেছেন সেটি আইনের কোন উৎসের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ‘জনাব রাফির প্রথম কাজটি তার দ্বিতীয় কাজের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।’- নাগরিকের দায়িত্ব ও কর্তব্যের সাথে রাষ্ট্রের কার্যাবলির সম্পর্ক নিরূপণসহ বিশ্লেষণ বিবৃতিটি কর। ৪

৭. X দেশের মি. রকিবকে তার নিজ দেশে সরকার নির্ধারিত মূল্যে দ্রব্য কিনতে হয়। তার জীবনযাত্রার সকল ব্যয় তিনি তাঁর বেতন থেকে মেটাতে পারেন। তিনি Y দেশে বেড়াতে গিয়ে বন্ধুর সাথে প্রসাধনী কিনতে বাজারে গেলেন। দোকানী প্রসাধনীর দাম বেশি চাচ্ছিল বলে তাঁর বন্ধু তাঁকে নিয়ে পার্শ্ববর্তী দোকানে সরকার নির্ধারিত মূল্যে প্রসাধনী দ্রব্যটি ক্রয় করলেন।

- ক. মুনাফা কী? ১
- খ. মরুভূমির বাণু সম্পদ নয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. X দেশে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
- ঘ. Y দেশের অর্থনৈতিক ব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থার সাদৃশ্য আছে কি? Y দেশের অর্থনৈতিক ব্যবস্থা চিহ্নিতপূর্বক মতামত দাও। ৪

৮. এনজিও কর্মী মীরা শিশুদের নিয়ে কাজ করেন। একটি জরিপের কাজে প্রথম দিন গিয়ে তিনি দেখলেন স্কুলের ইউনিফর্ম পরা কিছু ছাত্র স্কুল সময়ে রাস্তার মোড়ে আড্ডা দিচ্ছে। তিনি এ ব্যাপারে জিজ্ঞাসা করলে ছাত্ররা তাঁর সাথে দুর্ব্যবহার করে।

পরের দিন তিনি আবার জরিপের কাজে বের হয়ে দেখলেন, একটি ঝালাই কারখানায় ১২/১৩ বছরের কিছু শিশু কাজ করছে। এক প্রশ্নের উত্তরে মালিক বললেন “তাদের কাজের জন্য আমার কাছে সার্টিফিকেট আছে”। তিনি একই বয়সী কিছু শিশুকে হোটেলে খাদ্য পরিবেশন করতে দেখলেন। প্রশ্নের জবাবে মালিক বললেন “ওরা সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত কাজ করে।”

- ক. সামাজিক বিশৃঙ্খলা কী? ১
- খ. বাংলাদেশের জাতীয় স্বাস্থ্যনীতির লক্ষ্যের সাথে নারীদেও জন্য ৬ মাসের মাতৃত্বকালীন ছুটির সম্পর্ক ব্যাখ্যা কর। ২
- গ. মীরার প্রথম দিনের দেখা ঘটনায় কোন সামাজিক সমস্যার চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. মীরার দ্বিতীয় দিনে দেখা দুটো পরিস্থিতিতেই কি কারখানার মালিকগণ দেশের প্রচলিত আইন লঙ্ঘন করেছেন? সামাজিক সমস্যাটি চিহ্নিতপূর্বক বিশ্লেষণ কর। ৪

**সৃজনশীল প্রশ্নের রুব্রিক্স ও নমুনা উত্তর**  
**বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়      বিষয় কোড: ১৫০**

১. X ও Y দেশের তথ্য নিম্নরূপ

দেশ	জনসংখ্যা সংখ্যা	মোট জাতীয় আয়	বার্ষিক মাথাপিছু আয় বৃদ্ধির হার	বার্ষিক জনসংখ্যা বৃদ্ধি হার	বার্ষিক দ্রব্য মূল্য বৃদ্ধির হার
X	২ কোটি	৬৪০০ কোটি ডলার	৬%	২%	৩%
Y	২.৫ কোটি	৭৫০০ কোটি ডলার	৫%	১%	১%

(কাল্পনিক)

- ক. অর্থনীতিতে ভোগ কাকে বলে? ১
- খ. নারীর ক্ষমতায়নের অভাব কিভাবে উন্নয়নকে বাধাগ্রস্ত করে? ব্যাখ্যা কর। ২
- গ. মাথাপিছু আয়ের ভিত্তিতে X দেশটি কোন শ্রেণির অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. X ও Y দেশ দুটির মধ্যে কোনটির অর্থনৈতিক প্রবৃদ্ধি অধিকতর সম্ভাব্যজনক? বিশ্লেষণ কর। ৪

১ (ক) অর্থনীতিতে ভোগ কাকে বলে?

১ (ক) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্দকৃত মোট নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
		১	অর্থনীতির ধারণা অনুসারে ভোগের সঠিক সংজ্ঞা/ধারণা লিখতে পারলে।
		০	অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে।

১ (ক) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর

মানুষের অভাব পূরণের জন্য কোন দ্রব্যের উপযোগিতা ব্যবহার করার প্রক্রিয়াকে ভোগ বলে।  
 অথবা, ব্যবহারের মাধ্যমে কোনো দ্রব্যের উপযোগ নিঃশেষ করাকে ভোগ বলে।

১ (খ) নারীর ক্ষমতায়নের অভাব কিভাবে উন্নয়নকে বাধাগ্রস্ত করে? ব্যাখ্যা কর।

১ (খ) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্দকৃত মোট নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১ (খ)	২	২	নারীর ক্ষমতায়নের ধারণা/একটি দেশের জনসংখ্যার প্রায় অর্ধেক নারী এই তথ্যটুকো উল্লেখ করে অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে নারীর অংশগ্রহণ না থাকলে কীভাবে তা অর্থনৈতিক উন্নয়নকে বাধাগ্রস্ত করে তা ব্যাখ্যা করতে পারলে।
		১	নারীর ক্ষমতায়নের সঠিক ধারণা লিখতে পারলে। অথবা, একটি দেশের জনসংখ্যার প্রায় অর্ধেক নারী এই তথ্যটুকো লিখতে পারলে।
		০	অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে।

১ (খ) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর

নারীর ক্ষমতায়ন বলতে অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে নারীর অংশগ্রহণকে বোঝায়। একটি দেশের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে নারীর অংশগ্রহণ না থাকলে তারা উন্নয়ন কর্মকাণ্ডে অবদান রাখতে পারেনা। এর ফলে দেশের উন্নয়ন বাধাগ্রস্ত হয়।

অথবা, একটি দেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। নারীর ক্ষমতায়নের অভাব থাকলে তারা দেশের উন্নয়ন কাজে অংশগ্রহণ করতে পারে না। দেশের অর্ধেক জনসংখ্যা উন্নয়ন কাজে অংশগ্রহণ করতে না পারলে অর্থনৈতিক উন্নয়ন বাধাগ্রস্ত হবে।

১ (গ). মাথাপিছু আয়ের ভিত্তিতে X দেশটি কোন শ্রেণির অন্তর্গত? ব্যাখ্যা কর।

১ (গ) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্দকৃত মোট নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১ (গ)	৩	৩	উদ্দীপকের তথ্যের আলোকে সঠিক মাথাপিছু আয় নির্ণয় করে দেশটিকে নিম্ন-আয়ের দেশ হিসেবে চিহ্নিত করতে পারলে।
		২	মাথাপিছু আয়ের সূ অনুসারে উদ্দীপকের তথ্যের আলোকে সঠিক মাথাপিছু আয় নির্ণয় করতে পারলে।
		১	মাথাপিছু আয়ের সঠিক ধারণা/সূত্র লিখতে পারলে
		০	অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে।

১ (গ) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর

$$\text{আমরা জানি, মাথাপিছু আয়} = \frac{\text{মোট জাতীয় আয়}}{\text{মোট জনসংখ্যা}}$$

উদ্দীপকের তথ্য অনুসারে X দেশের মোট জনসংখ্যা=২ কোটি

X দেশের মোট জাতীয় আয়=৬৪০০ কোটি ডলার

$$\text{অতএব, X দেশের মাথাপিছু আয়} = \frac{৬৪০০ \text{ কোটি ডলার}}{২ \text{ কোটি}} = ৩২০০ \text{ ডলার।}$$

মাথাপিছু মোট জাতীয় আয়ের ভিত্তিতে ১০০৬-৩৯৭৫ ডলার পর্যন্ত মাথাপিছু আয় অর্জনকারী দেশকে নিম্নমধ্য আয়ের দেশ বলা হয়। তাই বলা যায়, X দেশটি নিম্নমধ্য আয়ের দেশ।

ঘ. X ও Y দেশ দুটির মধ্যে কোনটির অর্থনৈতিক উন্নয়ন অধিকতর সন্তোষজনক? বিশ্লেষণ কর।

১ (ঘ) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্দকৃত মোট নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১ (ঘ)	৪	৪	উদ্দীপকের তথ্যের আলোকে উভয় দেশের অর্থনৈতিক উন্নয়নের তুলনার ভিত্তিতে Y দেশের উন্নয়নকে অধিক সন্তোষজনক হিসেবে যৌক্তিক মতামত প্রদান করতে পারলে।
		৩	উদ্দীপকের তথ্যের আলোকে উভয় দেশের অর্থনৈতিক উন্নয়নের তুলনা করতে পারলে।
		২	অর্থনৈতিক উন্নয়নের ধারণা ব্যাখ্যা করতে পারলে
		১	Y দেশের নাম উল্লেখ করতে পারলে। অথবা, অর্থনৈতিক উন্নয়নের ধারণা/সংজ্ঞা লিখতে পারলে
		০	অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে।

১ (ঘ) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর

Y অর্থনৈতিক প্রবৃদ্ধি অধিকতর সন্তোষজনক।

কোনো দেশের জাতীয় আয়ের বার্ষিক বৃদ্ধিকে অর্থনৈতিক প্রবৃদ্ধি বলে। প্রবৃদ্ধি হার হচ্ছে জাতীয় আয়ের পরিবর্তনের হার।

অর্থনৈতিক উন্নয়ন এর সাথে জনসংখ্যা বৃদ্ধি ও দ্রব্যমূল্য বৃদ্ধির হারকে বিবেচনায় নিতে হয়।

উদ্দীপকে X দেশের বার্ষিক মাথাপিছু আয় বৃদ্ধির হার ৬% জনসংখ্যা বৃদ্ধির হার ২% এবং বার্ষিক দ্রব্যমূল্য বৃদ্ধির হার ৩%। এই নির্দেশকগুলো X দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে নির্দেশ করে। Y দেশে বার্ষিক মাথাপিছু আয় বৃদ্ধির হার ৫% জনসংখ্যা বৃদ্ধির হার ১% এবং বার্ষিক দ্রব্যমূল্য বৃদ্ধির হার ১%। অনুরূপভাবে দেখা যায় Y দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি হচ্ছে।

X ও Y দেশের মধ্যে Y দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি সন্তোষজনক। কারণ X দেশের প্রবৃদ্ধির হার ১ শতাংশ বেশি হলেও Y দেশের জনসংখ্যা এবং দ্রব্যমূল্য বৃদ্ধির হার X দেশ অপেক্ষা তুলনামূলকভাবে কম। Y দেশের জনগণ প্রবৃদ্ধির সুফল বেশি ভোগ করবে। তাই বলা যায়, Y দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি সন্তোষজনক।

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নমুনা

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়      বিষয় কোড : ১৫০

সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও)

১. ছয় দফা কর্মসূচি কীভাবে বাঙালির জাতীয় চেতনা মূলে বিচ্ছোরণ ঘটায়?
২. মুক্তিযুদ্ধকে কেনো গণযুদ্ধ বলা হয়? ব্যাখ্যা করো।
৩. 'প্রতি ১ ডিগ্রী দ্রাঘিমাংশের জন্য সময়ের পার্থক্য হয় ৪ মিনিট।' গাণিতিকভাবে প্রমাণ করো।
৪. জলবায়ু পরিবর্তন উপকূলীয় এলাকায় দরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকার উপর কী প্রভাব ফেলছে?
৫. সৌরশক্তি কীভাবে বাংলাদেশের উন্নতিতে ভূমিকা রাখতে পারে? ব্যাখ্যা করো।
৬. বাংলাদেশকে কেন কল্যাণমূলক রাষ্ট্র বলা হয়? ব্যাখ্যা করো।
৭. স্থানীয় প্রশাসনের মূখ্য উদ্দেশ্য ব্যাখ্যা করো?
৮. আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থায় সকল ক্ষমতার উৎস কী এবং কেন?
৯. টেকসই উন্নয়নে অংশীজনের ভূমিকা গুরুত্বপূর্ণ কেন?
১০. 'ইসলামী অর্থ ব্যবস্থায় সম্পদের ব্যক্তিগত মালিকানা থাকলেও সম্পদের সুষ্ঠু বন্টন সম্ভব।' - ব্যাখ্যা করো।
১১. মাথাপিছু আয় ও দ্রব্যমূল্যের সাথে জীবনযাত্রার মানের সম্পর্ক ব্যাখ্যা করো।
১২. দারিদ্র বিমোচনে সোনালী ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা করো।
১৩. রিনা তাদের আত্মীয় ও প্রতিবেশীদের বিভিন্ন অনুষ্ঠানে দাওয়াত পেলে আগ্রহ নিয়ে অংশগ্রহণ করে। এই অংশগ্রহণ কীভাবে রিনাকে সামাজিক মানুষে পরিণত করবে?
১৪. ইতিবাচক সামাজিক পরিবর্তন কীভাবে নারীর মর্যাদার পরিবর্তন করে?
১৫. সড়ক দুর্ঘটনাকে সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত করা হয়েছে কেন?



## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

১. ছয় দফা কর্মসূচি কীভাবে বাঙালির জাতীয় চেতনা মূলে বিচ্ছোরণ ঘটায়?

১নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা/রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্দকৃত মোট নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১	২	২	৬ দফা কর্মসূচির অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক গুরুত্ব কীভাবে মানুষকে নতুন চেতনা/স্বাধীনতার চেতনায় উদ্বুদ্ধ করেছে তার ব্যাখ্যা প্রদান করলে।
		১	৬ দফা ছিল বাঙালির মুক্তির সনদ লিখতে পারলে। অথবা, ৬ দফা ছিল বাঙালির স্বায়ত্তশাসন অর্জনের পদক্ষেপ লিখতে পারলে। অথবা, প্রাসঙ্গিক মৌলিক তথ্য উল্লেখ করতে পারলে
		০	অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে।

## ১নং প্রশ্নের নমুনা উত্তর/পূর্ণাঙ্গ উত্তর

১৯৬৬ সালের ৬ দফা কর্মসূচি বাঙালির মুক্তির সনদ। বাঙালির স্বায়ত্তশাসন অর্জনের পদক্ষেপ। ৬ দফা কর্মসূচিতে পূর্ব পাকিস্তানের অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ও সামরিকসহ সকল অধিকারের কথা তুলে ধরা হয়। এই কর্মসূচিতে প্রত্যক্ষভাবে স্বাধীনতার কথা বলা না থাকলেও এর মধ্যে পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসনের দাবি নিহিত ছিল। বাঙালি নিজেদের আলাদা সত্তা হিসেবে ভাবতে শুরু করে। এই ভাবনা বাঙালির জাতীয় চেতনা মূলে বিচ্ছোরণ ঘটায়।

২. সড়ক দুর্ঘটনাকে সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত করা হয়েছে কেন?

২নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা/রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্দকৃত মোট নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১	২	২	সামাজিক সমস্যার ধারণার আলোকে সড়ক দুর্ঘটনাকে যৌক্তিকভাবে সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত করতে পারলে।
		১	সামাজিক সমস্যা কী তা সঠিকভাবে লিখলে।
		০	অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে।

## ২নং প্রশ্নের নমুনা উত্তর/পূর্ণাঙ্গ উত্তর

সামাজিক সমস্যা হলো সমাজ জীবনের এমন এক অবস্থা যা সমাজে বসবাসকারী বৃহৎ অংশকে প্রভাবিত করে। এ ধরনের সমস্যার প্রতিকার ও প্রতিরোধের জন্য সম্মিলিতভাবে কাজ করতে হয়। সড়ক দুর্ঘটনায় আহত বা নিহত হওয়ার প্রভাব শুধুমাত্র আহত বা নিহত হওয়া ব্যক্তির উপর পড়ে না। পরিবার ও স্বজনদের জীবনের উপর অনেক নেতিবাচক প্রভাব পড়ে। অনেক ক্ষেত্রে রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষতি হয়। আবার সড়ক দুর্ঘটনা প্রতিকার অথবা প্রতিরোধে সম্মিলিত উদ্যোগের প্রয়োজন হয়। তাই সড়ক দুর্ঘটনাকে সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত করা হয়।

৩. ‘প্রতি ১ ডিগ্রী দ্রাঘিমাংশের জন্য সময়ের পার্থক্য হয় ৪ মিনিট।’ গাণিতিকভাবে প্রমাণ করো।

৩নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা/রুব্রিক্স

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্দকৃত মোট নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১	২	২	সঠিক গাণিতিক প্রক্রিয়া অনুসরণ করে প্রমাণ করতে পারলে।
		১	পৃথিবীর কেন্দ্রে কোণের পরিমাণ $৩৬০^\circ$ । এই $৩৬০^\circ$ কৌণিক দূরত্ব অতিক্রম করতে পৃথিবীর সময় লাগে ২৪ ঘণ্টা এই তথ্যটুকো লিখতে পারলে। অথবা, প্রাসঙ্গিক মৌলিক তথ্য উল্লেখ করতে পারলে
		০	অগ্রহণযোগ্য অথবা ভুল উত্তর লিখলে।

### ২নং প্রশ্নের নমুনা উত্তর/পূর্ণাঙ্গ উত্তর

পৃথিবী নিজ অক্ষে অনবরত আবর্তন করে। পৃথিবীর কেন্দ্রে কোণের পরিমাণ  $৩৬০\pm$ । এই  $৩৬০\pm$  কৌণিক দূরত্ব অতিক্রম করতে পৃথিবীর সময় লাগে ২৪ ঘণ্টা।

$$২৪ \text{ ঘণ্টা} = ২৪ \times ৬০ = ১৪৪০ \text{ মিনিট}$$

$৩৬০\pm$  অতিক্রম করতে সময় লাগে ১৪৪০ মিনিট

অতএব,  $১\pm$  অতিক্রম করতে সময় লাগে  $১৪৪০ \div ৩৬০ = ৪$  মিনিট।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

( ৬১৪৭ )

মলা : টাকা ২.০০

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্বগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ—

- (১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

(গ) প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের জন্য ১ মিনিট সময় বরাদ্দ থাকবে। এই হিসাবে বহুনির্বাচনী প্রশ্নপত্রের সময় বাদ দিয়ে অবশিষ্ট সময় কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য বরাদ্দ থাকবে।

(ঘ) যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৬০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৯টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৪০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৬টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

(ঙ) প্রশ্ন প্রণেতাগণ বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট বিষয়ের সকল বিষয়বস্তু (Content Coverage) বিবেচনায় এনে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী বহুনির্বাচনী প্রশ্নপত্র তৈরি করবেন। এজন্য বোর্ড কর্তৃক নির্ধারিত নির্দেশক ছক (Specification Grid) অনুসরণ করতে হবে।



- (চ) উত্তরপত্র মূল্যায়ন সঠিক ও নির্ভরযোগ্য করবার জন্য প্রশ্নপ্রণেতাগণ প্রশ্নপত্রের সঙ্গে নমুনা উত্তর (Model Answer) ও নম্বর প্রদান নির্দেশিকা (Marking Scheme) বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করবেন।
- (ছ) পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়নকালে প্রধান পরীক্ষক কর্তৃক সরবরাহকৃত নমুনা উত্তর এবং নম্বর প্রদান নির্দেশিকা অনুসরণ করবেন। উত্তরপত্র প্রকৃত মূল্যায়নের পূর্বে প্রধান পরীক্ষকের তত্ত্বাবধানে পরীক্ষকগণ উত্তরপত্রে নমুনা নম্বর প্রদান (Sample Marking) অনুশীলনের মাধ্যমে প্রকৃত নম্বর প্রদানকে নির্ভরযোগ্য করবেন।
- (২) এই পরীক্ষা সংস্কার ২০০৯ সালে অনুষ্ঠিতব্য এস.এস.এস পরীক্ষা থেকে কার্যকর হবে। বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রম ও অভ্যন্তরীণ পরীক্ষায় এই পরীক্ষা সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।
- (৩) ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature এবং চারু ও কারুকলা বিষয়সমূহের নম্বর বন্টন প্রশ্নের ধরণে বর্তমান প্রচলিত পদ্ধতির কোনোরূপ পরিবর্তন হবে না।
- (৪) ফলাফল তৈরির ক্ষেত্রে গ্রেড ও জিপিএ নির্ধারণে বর্তমান নিয়মই বহাল থাকবে।
- (৫) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ প্রশ্নপত্র প্রণেতা, মডারেটর, পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণের জন্য এতদসংশ্লিষ্ট প্রশিক্ষণসহ প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবে।
- (৬) প্রকল্প পরিচালক, টিচিং কোয়ালিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (টিকিউআই)-এর সাথে প্রকল্প পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি) সমন্বয় সাধনের মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের পাঠ্যসূচিতে পরীক্ষা পদ্ধতি সংস্কার কর্মসূচির প্রতিফলন ঘটাবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

মোঃ নজরুল ইসলাম খান  
যুগ্ম-সচিব (মাধ্যমিক)।

১, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ এপ্রিল ২০০৮

নং- শিম/শা: ১১/বিবিধ-৬/সেসিপ/ ২০০৪/৬৯৪--সংস্কারকৃত  
কাঠামোবদ্ধ প্রশ্নের ভিত্তিতে এসএসসি পরীক্ষা গ্রহণ সংক্রান্ত  
বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬ জুন ২০০৭ তারিখের  
শিম/শা:১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯ সংখ্যক স্মারকে  
জারীকৃত প্রজ্ঞাপন সংশোধনক্রমে নিম্নোক্ত নির্দেশনা জারী করা  
হলো:

- ১) কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি- “সৃজনশীল প্রশ্ন পদ্ধতি”  
হিসেবে বিবেচিত হবে।
- ২) ২০১০ সাল থেকে ‘সৃজনশীল প্রশ্ন’ পদ্ধতিতে শুধুমাত্র  
বাংলা ১ম পত্র এবং ধর্ম শিক্ষা বিষয়ে এসএসসি পরীক্ষা  
গ্রহণ করা হবে।
- ৩) ২০১১ সাল হতে পূর্ণাঙ্গভাবে ‘সৃজনশীল প্রশ্ন’ পদ্ধতিতে  
এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ৪) চলতি বছর ৮ম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীরা যাতে  
সৃজনশীল প্রশ্ন পদ্ধতির সাথে পরিচিত হতে পারে এবং  
সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে স্বচ্ছন্দ্যবোধ করে সে  
লক্ষ্যে ২০০৮ সাল থেকেই ৮ম শ্রেণীতে ন্যূনতম  
পরিসরে হলেও সৃজনশীল প্রশ্ন পদ্ধতির সূচনা করতে  
হবে। সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়টি নিশ্চিত  
করবে।
- ৫) ২০০৯ সাল হতে ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণীতে  
সৃজনশীল প্রশ্ন পদ্ধতি পূর্ণাঙ্গভাবে চালু হবে।
- ৬) সমতার স্বার্থে এসএসসি’র সমপর্যায়ে মাদ্রাসা ও  
কারিগরি শিক্ষা ব্যবস্থায় ২০১১ সাল থেকে ‘সৃজনশীল  
প্রশ্ন’ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। মন্ত্রণালয়ের  
মাদ্রাসা ও কারিগরি অনুবিভাগ এ বিষয়ে এখন থেকেই  
প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।
- ৭) এসএসসি পরীক্ষার ধারাবাহিকতায় ২০১২ সালের  
এইচএসসি পরীক্ষা এবং একইভাবে সমমানের মাদ্রাসা  
ও কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট পাবলিক পরীক্ষাতেও  
সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালু করা হবে। মন্ত্রণালয়ের  
কলেজ এবং মাদ্রাসা ও কারিগরি অনুবিভাগ এ বিষয়ে  
এখন থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।

৮) সৃজনশীল প্রশ্ন পদ্ধতির যৌক্তিকতা তুলে ধরে রেডিও,  
টেলিভিশন ও সংবাদপত্রের মাধ্যমে এসইএসডিপি  
প্রকল্প থেকে প্রচারণা কার্যক্রম জোরদার করতে হবে।

৯) সৃজনশীল পরীক্ষা পদ্ধতি নিয়ে গবেষণা কার্যক্রম  
পরিচালনা ও সুপারিশমালা প্রণয়নের জন্য  
এসইএসডিপি প্রকল্পের আওতায় ঢাকা শিক্ষা বোর্ডে  
স্থাপিত Bangladesh Examinations  
Development Unit (BEDU) কে আরও  
কার্যকর ভূমিকা পালন করতে হবে। সে লক্ষ্যে প্রকল্প ও  
শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

১০) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড শিক্ষার্থীদের  
নিকট আকর্ষণীয় এবং বিষয়বস্তু সমৃদ্ধ পাঠ্যপুস্তক  
প্রকাশের ব্যবস্থা করবে।

১১) প্রশ্নপত্র প্রণয়ন ও গবেষণার জন্য এনসিটিবি এবং ঢাকা  
শিক্ষা বোর্ড যৌথ উদ্যোগে একটি সেল গঠন করবে। এ  
সেল সৃজনশীল প্রশ্নপত্র আহ্বান ও যাচাই-বাছাইপূর্বক  
একটি প্রশ্ন ব্যাংক তৈরি করবে।

২। ১নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়সমূহ ব্যতিত ০৬ জুন  
২০০৭ তারিখের শিম/শাঃ ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯  
সংখ্যক প্রজ্ঞাপনে বিধৃত অন্যান্য বিষয়সমূহ অপরিবর্তিত থাকবে।  
পরিপত্রের বর্ণিত নির্দেশনা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগ,  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহ,  
সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বাংলাদেশ  
কারিগরি শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, জাতীয়  
শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট  
ইন সেকেন্ডারী এডুকেশন প্রজেক্ট, সেকেন্ডারী এডুকেশন সেক্টর  
ডেভেলপমেন্ট প্রজেক্টসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ  
যথাযথভাবে বাস্তবায়ন করবে।

৩। এতদ্বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে ২৯ জুলাই,  
২০০৭ তারিখে শিম/শাঃ ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৭/১৩১৫  
সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি  
করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

বাবলু কুমার সাহা

উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
(শাখা-১১)

নং-শিম/শাঃ১১/বিবিধ-৬ সসিপ/২০০৪(অংশ)/৭০৯

তারিখঃ ১ জুলাই, ২০০৯

প্রজ্ঞাপন

শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে গৃহীত বিভিন্নমুখী পদক্ষেপের অংশ হিসেবে পর্যায়ক্রমে সকল শিক্ষা ধারার মাধ্যমিক বা সমমানের স্তরে বিদ্যমান প্রশ্ন পদ্ধতির স্থলে 'সৃজনশীল প্রশ্ন-পদ্ধতি' প্রবর্তনের লক্ষ্যে প্রথম পর্যায়ে এস. এস. সি. পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন-পদ্ধতি প্রবর্তনের ইতিপূর্বেকার নির্ধারিত বাস্তবায়ন সময়সূচি পর্যালোচনা করে সরকার উক্ত বিষয়ে নিম্নরূপ সংশোধিত সময়সূচি পুনঃনির্ধারণ করেছে:

- (ক) পূর্ব ঘোষণা অনুযায়ী ২০১০ সাল থেকে এস.এস.সি পরীক্ষায় বাংলা প্রথম পত্র এবং ধর্ম শিক্ষা বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হবে;
- (খ) ২০১১ সালে উপরি-উক্ত বাংলা প্রথম পত্র ও ধর্ম বিষয়সহ সাধারণ শিক্ষা ধারার বিভিন্ন শাখায় (মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান) নিম্নোক্ত বিষয়সমূহে 'সৃজনশীল প্রশ্ন' পদ্ধতিতে এস.এস.সি পরীক্ষা গ্রহণ করা হবে, যথা:-


শাখা	বিষয়	
মানবিক শাখা	ভূগোল	সাধারণ বিজ্ঞান
বাণিজ্য শাখা	ব্যবসায় পরিচিতি	সাধারণ বিজ্ঞান
বিজ্ঞান শাখা	রসায়ন বিজ্ঞান	সামাজিক বিজ্ঞান

- (গ) ২০০৯ শিক্ষাবর্ষে সাধারণ শিক্ষা ধারায় ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীতে সৃজনশীল প্রশ্ন-পদ্ধতির আওতাভুক্ত সকল বিষয়ে প্রবর্তিত সৃজনশীল প্রশ্ন-পদ্ধতি বহাল থাকবে।

২। মাদরাসা শিক্ষা ধারায় দাখিল স্তরে ২০১১ সালে বাংলা ও ইসলামের ইতিহাস বিষয়ে সৃজনশীল প্রশ্ন-পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হবে।

৩। সকল শিক্ষা ধারায় (সাধারণ, মাদরাসা ও কারিগরি) মাধ্যমিক বা সমমান স্তরে পূর্ণাঙ্গভাবে সৃজনশীল প্রশ্ন-পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
(মোঃ মোয়েজ্জদ্দীন আহমেদ)  
যুগ্ম-সচিব(মাধ্যমিক)

✓ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১১

সংখ্যা-শিম/শাঃ১১/বিবিধ-৬/২০০৮(অংশ)/২৫০

তারিখ : ০৮ চৈত্র ১৪১৬  
২২ মার্চ ২০১০

**প্রজ্ঞাপন**

আগামী ২০১১ সালে সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য এস.এস.সি পরীক্ষায় ৭টি বিষয় যথা : (১) বাংলা ১ম পত্র (২) ধর্ম (৩) সাধারণ বিজ্ঞান (৪) সামাজিক বিজ্ঞান (৫) ভূগোল (৬) রসায়ন ও (৭) ব্যবসায় পরিচিতি এবং মাদ্রাসা শিক্ষা ধারায় দাখিল পরীক্ষায় (১) বাংলা ও (২) ইসলামের ইতিহাস বিষয়ের পরীক্ষা সৃজনশীল প্রশ্ন পদ্ধতির আওতায় গৃহিত হবে মর্মে শিক্ষা মন্ত্রণালয়ের ১ জুলাই ২০০৯ তারিখের নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৮(অংশ)/৭০৯ প্রজ্ঞাপনের মাধ্যমে ইতোপূর্বে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

২। ২০১২ সালের এস.এস.সি পরীক্ষায় উপরোল্লিখিত বিষয়সমূহ ছাড়াও নিম্নোল্লিখিত অতিরিক্ত আরও ১১টি বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে এস.এস.সি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিষয়সমূহ যথা : (১) পদার্থ বিজ্ঞান (২) জীববিজ্ঞান (৩) ইতিহাস (৪) অর্থনীতি (৫) পৌরনীতি (৬) হিসাব বিজ্ঞান (৭) ব্যবসায় উদ্যোগ (৮) বাণিজ্যিক ভূগোল (৯) গার্হস্থ্য অর্থনীতি (১০) কৃষি শিক্ষা ও (১১) কম্পিউটার শিক্ষা।

৩। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন ২০১২ সালের দাখিল পরীক্ষায় (১) রসায়ন (২) সামাজিক বিজ্ঞান ও (৩) কোরআন মাজিদ বিষয়সমূহের পরীক্ষা সৃজনশীল প্রশ্ন পদ্ধতির আওতায় গৃহিত হবে।

৪। গণিত ও উচ্চতর গণিত বিষয় সৃজনশীল প্রশ্ন পদ্ধতির আওতায় আসবে না।

৫। ইহা জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত : ২২/০৩/২০১০

(সৈয়দ আতাউর রহমান)

সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়


প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

সংখ্যা-শিম/শাঃ১১/বিবিধ-৬/২০০৮(অংশ)/২৫০/১(১৪)

তারিখ : ০৮ চৈত্র ১৪১৬  
২২ মার্চ ২০১০

**অনুলিপি অবগতি ও কার্যার্থে :**

- (১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- (২) প্রকল্প পরিচালক, এসইএসডিপি/টিকিউআই/সেকায়েপ, শিক্ষা ভবন, ঢাকা।
- (৩) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- (৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/দিনাজপুর।
- (৫) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৬) পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- (৭) অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, সভাপতি, বিশ্বসাহিত্য কেন্দ্র, ১৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
- (৮) ড. মোহাম্মদ ইব্রাহীম, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- (৯) অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, শাহ জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- (১০) ড. সফিউদ্দিন আহমেদ, অধ্যাপক, বাংলা, শাহ জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট (গাজী ভবন, ৬ সি, ৪১ নয়াপল্টন, ঢাকা)।
- (১১) প্রফেসর হাসপিরা বশির উল্লাহ, সদস্য (শিক্ষাক্রম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- (১২) জনাব রবিউল কবীর চৌধুরী, বিশেষজ্ঞ (পরীক্ষা ও মূল্যায়ন), এসইএসডিপি, শিক্ষা ভবন, ঢাকা।
- (১৩) গাজী মোঃ আহসানুল কবীর, পরামর্শক (কারিকুলাম), এসইএসডিপি, শিক্ষা ভবন, ঢাকা।
- (১৪) সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (তাকে প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)

  
(মোঃ আইয়ুব হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৫০৩৪১।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১১

সংখ্যা-শিম/শাঃ১১/৮-৪/২০১০/৪৩০

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪১৭  
০৭ জুন ২০১০

প্রজ্ঞাপন

আগামী ২০১২ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় বাংলা ১ম পত্র বিষয়ে সৃজনশীল প্রশ্নপদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২। প্রশ্নের মানবস্টন হবে নিম্নরূপ :

সৃজনশীল প্রশ্ন ৬০  
বহু নির্বাচনী প্রশ্ন ৪০  
মোট ১০০

৩। শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/৪/২০০৮ তারিখের নং-শিম/শাঃ১১/বিবিধ-৬সেসিপ/২০০৪/৬৯৪ প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে জনস্বার্থে ইহা জারি করা হলো।

রট্টপতির আদেশক্রমে


স্বাক্ষরিত : ০৭/০৬/২০১০  
(সৈয়দ আতাউর রহমান)  
সচিব

সংখ্যা-শিম/শাঃ১১/৮-৪/২০১০/৪৩০

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪১৭  
০৭ জুন ২০১০

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

- ১। কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট বিভাগ।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/দিনাজপুর।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, এসইএসডিপি/সেকায়েপ/টিকিউআই-এসইপি, শিক্ষা ভবন, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)।
- ১২। জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
- ১৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ১৫। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

  
(মোঃ আইয়ুব হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৫০৩৪১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

নং শিম/শাঃ১৪/বিবিধ-৫/০৭/২৬৮

তারিখঃ ০৯ আষাঢ় ১৪১৮  
২৩ জুন ২০১১

প্রজ্ঞাপন

মানসম্মত শিক্ষা ও শিখন পদ্ধতির গুনগতমান উন্নয়নে সৃজনশীল প্রশ্নপত্রের ধারাবাহিকতায় আগামী ২০১৩ সাল হতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য আলিম পরীক্ষায় (১) বাংলা প্রথমপত্র ও (২) ইসলামের ইতিহাস বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ২০১৪ সাল থেকে আলিম পরীক্ষায় রসায়ন বিষয়টি এ পদ্ধতির অন্তর্ভুক্ত হবে।

২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

২৩/০৬/২০১১

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

সচিব

শিক্ষা মন্ত্রণালয়

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর

